

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রাপ্তমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) ট্রাজেডির দুটি বৈশিষ্ট্য লেখো।
- খ) সামাজিক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।
- গ) দুটি ঐতিহাসিক নাটকের নাম করো।
- ঘ) 'কমেডি' শব্দের উৎস কী?
- ঙ) 'সধবার একাদশী' নাটক কার লেখা ও কবে প্রকাশিত হয়?
- চ) একাঙ্ক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।
- ছ) জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাতার নাম করো। ঐ মঞ্চে অভিনীত দুটি নাটকের নাম লেখো।

[পর পৃষ্ঠায়]

- জ) বেঙ্গলী থিয়েটারের প্রতিষ্ঠাতার নাম করো। ওখানে সর্বপ্রথম কোন্ নাটক অভিনীত হয়?
- ঝ) “বাবা যদি জানতে পারেন আমি মদ খেইচি তিনি গলায় দড়ি দেবেন।”— কোন্ নাটকের অংশ? বাবা ও ছেলের নাম করো।
- ঞ) “অমন গোপালকে নুন খাইয়ে মাত্তে হয়।”—বক্তা কে? ‘গোপাল’ বলতে কাকে বলা হয়েছে?
- ট) “আর একবার স্নানযাত্রা কত্তে হবে”— স্নানযাত্রা কী? কথাটি এখানে কী অর্থে ব্যবহৃত হয়েছে?
- ঠ) ‘অচলায়তন’ নাটকটির রচয়িতা কে? নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল?
- ড) পঞ্চকের গাওয়া একটি গানের প্রথম লাইনটি উল্লেখ করো।
- ঢ) চারটি বাংলা পৌরাণিক নাটকের নাম করো।
- ণ) বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত দুটি নাটকের নাম রচয়িতার নামসহ উল্লেখ করো।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) ‘সধবার একাদশী’ নাটকের যে-কোনো একটি নারীচরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) ‘অচলায়তন’ নাটকে ব্যবহৃত যে কোনো একটি গানের উল্লেখ করে তার অর্থ লেখো।
- গ) কমেডি নাটকের বৈশিষ্ট্যগুলি বিবৃত করো।
- ঘ) জোড়াসাঁকো নাট্যশালায় গুরুত্ব আলোচনা করো।
- ঙ) প্রহসনের সংজ্ঞা দাও ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

- চ) ‘সধবার একাদশী’ নাটকের অটলবিহারী চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) ‘সধবার একাদশী’ নাটকের নামকরণ যথার্থ কিনা বুঝিয়ে দাও।
- খ) ‘অচলায়তন’ নাটকের পঞ্চক চরিত্রটি আলোচনা করো।
- গ) বাংলা নাট্যশালায় ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালায় অবদান ব্যাখ্যা করো।
- ঘ) সামাজিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।